

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩১৫

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ইমাম যখন মুসলিমদের অভাব বুঝতে পারবেন, তখন তার জন্য মুস্তাহাব হলো তিনি প্রজাদের কাছে সাদাকাহ আহবান করবেন

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ سُؤَالَ رَعِيَّتِهِ الصَّدَقَةَ عَلَى الْفُقَرَاءِ إِذَا عَلِمَ الْحَاجَةَ بِهِمْ

আরবী

3315 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ أَبَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمِيْنَةَ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ سَعِيد بْنِ جُبِيْدٍ: عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: خَرَجْتُ أَنَا وَالْحَسَنُ وَالْحُسَيْنُ وَأُسَامَةُ بْنُ زَيْدٍ يَوْمَ فِطْرٍ وَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (يَا أَيُّهَا عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْمُصَلَّى فَصَلَّى بِنَا ثُمَّ خَطَبَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّ هَذَا يَوْمُ صَدَقَةٍ فَتَصَدَّقُوا) قَالَ: فَجَعَلَ الرَّجُلُ يَنْزِعُ خَاتَمَهُ وَالرَّجُلُ يَنْزِعُ ثَوْبَهُ وَبِلَالٌ يَقْبِضُ حَتَّى إِذَا لَمْ يَرَ أَحَدًا يُعْطِي شَيْئًا تَقَدَّمَ إِلَى النِّسَاءِ فقال: (يامعشر النِسَاءِ إِنَّ هَذَا يَوْمُ صَدَقَةٍ فتصدَقْنَ) فَجَعَلْتِ الْمَرْأَةُ تَنْزِعُ خُرصها وَخَاتَمَهَا وَجَعَلْتِ الْمَرْأَةُ تَنْزِعُ خُرصها وَخَاتَمَهَا وَجَعَلْتِ الْمَرْأَةُ لَوْعُ خُرصها وَخَاتَمَهَا وَجَعَلْتِ الْمَرْأَةُ لَنْزِعُ خُرُصها وَخَاتَمَهَا وَجَعَلْتِ الْمَرْأَةُ لَنْزِعُ خُرُصها وَخَاتَمَهَا وَجَعَلْتِ الْمَرْأَةُ لَيْ غُولِكُ تَنْزِعُ خُلُحَالَهَا وَبِلَالٌ يَقْبِضُ حَتَّى إِذَا لَمْ يَرَ أَحداً يعطي شيئاً أقبل بلال وأقبلنا. للراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الصان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان

## বাংলা

৩৩১৫. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার ঈদের দিন আমি, হাসান, হুসাইন ও উসামাহ বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহুম ঈদগাহের উদ্দেশ্যে বের হই। আর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও ঈদগাহের উদ্দেশ্যে বের হন। অতঃপর তিনি আমাদের নিয়ে সালাত আদায় করলেন। তারপর তিনি ভাষনে বলেন, "হে লোকসকল, নিশ্চয়ই এটা সাদাকাহ করার দিন। কাজেই তোমরা সাদাকাহ করো।" রাবী বলেন, "অতঃপর লোকজন স্বীয় আংটি ও কাপড় খুলে দিতে লাগলেন। আর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু তা গ্রহণ করছিলেন। অতঃপর যখন দান করার মতো কাউকে দেখতে না পেলেন, তখন তিনি নারীদের



কাছে আগমন করেন এবং বলেন, "হে নারী সমাজ, নিশ্চয়ই এটা সাদাকাহ করার দিন। কাজেই তোমরা সাদাকাহ করো।" রাবী বলেন, "অতঃপর নারীরা কানের দুল, আংটি প্রভৃতি খুলে দিতে লাগলেন। আর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু তা গ্রহণ করছিলেন। অতঃপর যখন দান করার মতো কাউকে দেখতে না পেলেন, তখন বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু চলে আসেন, এবং আমরাও চলে আসি।"[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৯৬৪; সহীহ মুসলিম: ৮৮৪; দারেমী: ১/৩৭৮; মুসনাদ আহমাদ: ১/২৮০; আবূ দাউদ: ১১৪১; ইবনু মাজাহ: ১২৭৩; দারেমী: ১/৩৭৭-৩৭৮; নাসাঈ: ৩/১৮৬-১৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৩১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন